



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাদক মুক্ত সুস্থ জীবন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন

সংখ্যাঃ ৬৩

বর্ষঃ ৮ম

মে ২০১৩

## ১ম স্পেশাল বেসিক ইন্টেলিজেন্স কোর্স-২০১৩ এর উদ্বোধন



জাতীয় গোয়েন্দা প্রশিক্ষণ হনস্ট্যাটডটে (এনএসআই) তে ১ম স্পেশাল বেসিক ইন্টেলিজেন্স কোর্স-১৩এর উদ্বোধনা অনুষ্ঠানে প্রধান আতাথ হিসেবে বক্তব্য রাখছেন সান্যর সাচব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনাব সি কিউ কে মুসতাক আহমদ ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদ্য নিয়োগ প্রাপ্ত পরিদর্শক/সহকারী প্রসিকিউটর এবং উপপরিদর্শকদের জাতীয় গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউটে ১২ মে/২০১৩ হতে ২০ জুন/২০১৩ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) সপ্তাহব্যাপী ১ম স্পেশাল বেসিক ইন্টেলিজেন্স কোর্স-২০১৩ এ অংশ গ্রহণ করেন ৫৩ (তিপ্পান্ন) জন কর্মকর্তা । উক্ত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় জনাব সি কিউ কে মুসতাক আহমদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জনাব মোহাম্মদ ইকবাল এবং সভাপতিত্ব করেন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা এর পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ নুরুল আমিন । ইতোপূর্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সদ্য নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে এইভাবে হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি । যার ফলে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অনেক ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়েছে । সঠিক প্রশিক্ষণ ব্যতীত কর্মকর্তা/কর্মচারীদের তাদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি একেবারেই অসম্ভব ।

### অধিদপ্তরের বিভিন্ন পদে জনবল নিয়োগ

গত ০২/০৮/২০১১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে পরিদর্শক, উপপরিদর্শক, সিপাই, হিসাব রক্ষক, গবেষণা তথ্য সংগ্রহকারী, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, স্টাটিলিপিকার/কাম/কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, স্টাটগুমুদ্রাক্ষরিক/কাম/কম্পিউটার অপারেটর, অফিস সহকারী/কাম/কম্পিউটার মুদ্রাক্ষরিক, ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট, টেবুলেটর, ওয়ারলেছ অপারেটর, গাড়ী চালক পদসমূহের লিখিত, শারীরিক যোগ্যতা, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা সম্পন্ন করার পর নিয়োগ কমিটি কর্তৃক যাচাই বাচাই করে গত ০৮/০৪/২০১৩ তারিখ চূড়ান্ত ফলাফল প্রস্তুত করা হয় । চূড়ান্ত ফলাফলের পর সরকারী বিধি অনুযায়ী এবং সর্বশেষ কোটা পদ্ধতি অনুসরণ পূর্বক নিম্নোক্ত পদ সমূহের বিপরীতে নিয়োগ পত্র প্রদান করা হয়ঃ (ক) পরিদর্শক/সহকারী প্রসিকিউটর ৩০ জন (খ) উপপরিদর্শক ২৩ জন (গ) উচ্চমান সহকারী ০১ জন (ঘ) স্টাটিলিপিকার/কাম/কম্পিউটার অপারেটর ০১ জন (ঙ) স্টাটগুমুদ্রাক্ষরিক/কাম/কম্পিউটার অপারেটর পদে ০১ জন (যোগদান করেননি) (চ) অফিস সহকারী কাম/কম্পিউটার মুদ্রাক্ষরিক ০৬ জন (ছ) টেবুলেটর পদে ০১ জন (জ) সিপাই পদে ৯৫ জন (ঝ) ওয়ারলেছ অপারেটর পদে ০৭ জন । তাছাড়াও একই নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে এমএলএসএস ১৭ জন ও নেশ প্রহরী ০৩ জনকে গত জানুয়ারী ২০১৩ মাসে নিয়োগ পত্র প্রদান করা হয় । উল্লিখিত বিভিন্ন পদে সর্বমোট ১৮৫ (একশত পচাশি) জনকে নিয়োগ পত্র প্রদান করা হয় । এখানে উল্লেখ্য যে, হিসাব রক্ষক, গবেষণা তথ্য সংগ্রহকারী, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, ল্যাব টেকনিক্যাল এ্যাসিস্টেন্ট, ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট এবং গাড়ী চালকের পদসমূহে উপযুক্ত প্রার্থী না পাওয়ার কারণে নিয়োগ দেয়া সম্ভব হয়নি ।

### মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০১৩ সালের প্রথম সমন্বয় সভা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০১৩ সালের প্রথম সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন । সভার শুরুতে সদ্য যোগদানকৃত পরিচালক (নিশি), জনাব মোঃ মজিবুর রহমান, অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) জনাব মোঃ সামছুল আমীন এবং প্রকল্প পরিচালক জনাব মোঃ মিছবাহ উদ্দিনকে সভার অন্যান্য সদস্যদের সাথে পরিচয় করিয়ে দেওয়া হয় । সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার কার্যক্রম শুরু করেন । সভার আলোচ্যসূচী অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় : (ক) প্রতিটি অঞ্চল/গোয়েন্দা অঞ্চল/উপাঞ্চলের কেস রেজিস্টারসহ সকল নথি ও রেজিস্টারসমূহ হালনাগাদ করতে হবে (খ) কোন আইন প্রয়োগকারী সংস্থার কার্যক্রমের দরুন রাজস্ব আদায় বিঘ্নিত হলে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থার প্রধানকে লিখিতভাবে জানাতে হবে (গ) দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জেলা হিসাব রক্ষণ অফিস, প্রয়োজনে ডিসি অফিসে যোগাযোগ করে ট্রেজারী চালানোর কপি সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে (ঘ) বিজ্ঞ আদালত কর্তৃক যতটি পরোয়ানা পাওয়া যাবে তার সবগুলো সাক্ষী প্রদান নিশ্চিত করতে হবে (ঙ) দাবীদারবিহীন মামলার আলামত বিজ্ঞ আদালতের অনুমতিক্রমে ৩০ দিনের মধ্যে ধ্বংস করতে হবে এবং মামলার অভিযোগ দাখিলের আগে আদালতের অনুমতিক্রমে আলামতের নমুনা রেখে অবশিষ্ট আলামত ধ্বংস করতে হবে (চ) লাইসেন্স বিহীনভাবে পরিচালিত বে-সরকারী নিরাময় কেন্দ্র সমূহের বিরুদ্ধে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে, প্রয়োজনে মাদকদ্রব্য আইন ১৯৯০ এর আওতায় মামলা দায়ের করতে হবে এবং (ছ) যে সকল স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে মাদক বিরোধী কমিটি গঠিত হয়েছে সে সকল কমিটিসমূহের নিয়মিত সভা করতে হবে এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনও কমিটি গঠন করা হয়নি সে সকল প্রতিষ্ঠানে কমিটি গঠন ত্বরান্বিত করতে হবে ।

## এপ্রিল ২০১৩ মাসের উল্লেখযোগ্য মামলার তথ্য

তারিখ	উপ-অঞ্চলের নাম	আসামীর সংখ্যা	আলামতের পরিমাণ
০৮/০৪/১৩	খুলনা	০২	ফেনসিডিল-৬৮০ বোতল
০৮/০৪/১৩	ঢাকা মেট্রো	০২	হেরোইন-১০০ গ্রাম ও ইয়াবা-৩০০ পিস
১৮/০৪/১৩	ঢাকা মেট্রো	০১	ইয়াবা-৬০০ পিস
২৪/০৪/১৩	কুমিল্লা	০১	গাঁজাও ২৮ কেজি
২৭/৪/১৩	ঢাকা মেট্রো	০১	লুপিজেসিক ইনজেকশন (বুপ্রনরফিন) ৩০০ এ্যাম্পুল
৩০/৪/১৩	চট্টগ্রাম মেট্রো	০১	ইয়াবা-১১০০ পিস

(সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশন অধিশাখা)

## রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিজিবি, কাস্টমস, র‍্যাভ ও কোস্টগার্ডসহ সকল আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহার্য বিভিন্ন গুরুত্বপূর্ণ শ্রিকারসর কেমিক্যালস এর রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়। এপ্রিল'১৩ পর্যন্ত মাসের রাসায়নিক পরীক্ষার হিসাব নিম্নরূপঃ

অঞ্চলের নাম	মামলা সংখ্যা	রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ				পেডিং/ স্থগিত
		নমুনা	পজিটিভ	নেগেটিভ	মোট	
ঢাকা মেট্রো উপ-অঞ্চল	৭০৭	৭৬৯	৭০৬	--	৭০৬	০১
ঢাকা অঞ্চল	৯৭৩	১০৬২	৯৭২	০১	৯৭৩	--
চট্টগ্রাম অঞ্চল	২৬৭	৩০৯	২৬৭	--	২৬৭	--
রাজশাহী অঞ্চল	৩১৫	৩৪৯	৩১৪	--	৩১৪	০১
খুলনা অঞ্চল	৪০৭	৪৩৫	৪০৭	--	৪০৭	--
মোট =	২৬৬৯	২৯২৪	২৬৬৬	০১	২৬৬৭	০২

(সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার)

## রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অঞ্চল ভিত্তিক ২০১২ সালের এপ্রিল মাসের সাথে ২০১৩ সালের এপ্রিল মাসের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী নিম্নরূপঃ

ক্রঃনং	অঞ্চলের নাম	এপ্রিল ২০১২	এপ্রিল ২০১৩
১।	ঢাকা অঞ্চল	৭৫,৫৯,৫৪৩/-	৮২,৫৩,১৪৬/-
২।	চট্টগ্রাম অঞ্চল	৮১,৮৪,১৬০/-	৮৬,৭৪,০১৬/-
৩।	খুলনা অঞ্চল	৩,৩৮,৯৮,০৩৭/২৮	৩,৫৪,৫৫,৮৫০/৩২
৪।	রাজশাহী অঞ্চল	৬৩,৭১,০১৩/৮০	৭১,৫৪,১৮৫/৬০
	মোট	৫,৬০,১২,৭৫৪/০৮	৫,৯৫,৩৭,১৯৭/৯২

(সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অর্থ শাখা)

## আইন আদালত (এপ্রিল'১৩)

ক্র/নং	উপ-অঞ্চলের নাম	দায়েরকৃত মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা	সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	১৫৬	১৬৫	১১৮	১১৮
২	ঢাকা উপ-অঞ্চল	৬৫	৭২	০৭	১১
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	৪৯	৫৩	০২	০২
৪	ফরিদপুর উপ-অঞ্চল	২৩	২৩	০০	০০
৫	টাংগাইল উপ-অঞ্চল	১৮	২০	০০	০০
৬	জামালপুর উপ-অঞ্চল	১০	১০	০০	০০
৭	চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল	২৭	২৯	০৫	০৫
৮	চট্টগ্রাম উপ-অঞ্চল	১০	০৯	০১	০১
৯	সিলেট উপ-অঞ্চল	৪৭	৪৭	০২	০২
১০	নোয়াখালী উপ-অঞ্চল	১২	১৫	০৩	০৩
১১	কুমিল্লা উপ-অঞ্চল	৩২	৩১	০০	০০
১২	কক্সবাজার উপ-অঞ্চল	১৩	১৫	০০	০০
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	০১	০০	০০	০০
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	০২	০০	০০	০০
১৫	বান্দরবান উপ-অঞ্চল	০৩	০৩	০০	০০
১৬	খুলনা উপ-অঞ্চল	৩৮	৪৬	০৭	০৭
১৭	যশোর উপ-অঞ্চল	৪৪	৪৯	০২	০২
১৮	কুষ্টিয়া উপ-অঞ্চল	২২	২২	০১	০১
১৯	বরিশাল উপ-অঞ্চল	০৯	১২	০১	০১
২০	পটুয়াখালী উপ-অঞ্চল	০৭	০৮	০০	০০
২১	রাজশাহী উপ-অঞ্চল	৯৮	১০৪	০৩	০৪
২২	পাবনা উপ-অঞ্চল	৪০	৪৫	০৩	০৩
২৩	বগুড়া উপ-অঞ্চল	৩২	৩০	০১	০১
২৪	রংপুর উপ-অঞ্চল	৪০	৪৩	০২	০২
২৫	দিনাজপুর উপ-অঞ্চল	২২	২৫	০১	০২
২৬	ঢাকা গোয়েন্দা অঞ্চল	০৩	০৫	০১	০১
২৭	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	০৮	০৮	০১	০১
২৮	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	০৬	১১	০০	০০
২৯	খুলনা গোয়েন্দা অঞ্চল	০১	০২	০০	০০
	সর্বমোটঃ	৮৩৮	৯০২	১৬১	১৬৭

(সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশন অধিশাখা)

## সবচেয়ে বেশী মামলা ও সবচেয়ে কম মামলার পরিসংখ্যান

এপ্রিল ২০১৩ মাসে সর্বাধিক মামলা হয়েছে ঢাকা মেট্রো উপ-অঞ্চলে। পঞ্চান্তরে এপ্রিল ২০১৩ মাসে রাঙ্গামাটি উপ-অঞ্চলে সবচেয়ে কম মামলা রঞ্জু হয়েছে এবং খুলনা গোয়েন্দা অঞ্চলে ০১ টি মামলা রঞ্জু হয়েছে। এপ্রিল ২০১৩ মাসে ঢাকা মেট্রো উপ-অঞ্চলে ১৫৬ টি মামলা রঞ্জু করে ১৬৫ জনকে আসামী করা হয়েছে। রাঙ্গামাটি উপ-অঞ্চলে কোন পরিদর্শক ও উপ-পরিদর্শক পদায়ন না থাকায় কম মামলা রঞ্জু হয়েছে মর্মে অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত উপ-অঞ্চলিক কর্মকর্তা জানিয়েছেন। অপরদিকে খুলনা গোয়েন্দা অঞ্চলের উপপরিচালক জানিয়েছেন গোয়েন্দা অঞ্চলের মূল কাজ হলো গোয়েন্দা তথ্য সংগ্রহ করা, যার ফলে খুলনা গোয়েন্দা অঞ্চল প্রমাপ অনুযায়ী মামলা উদঘাটন করতে সক্ষম হয়নি।

## শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী কমিটি গঠন

জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের দশম সভার সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী কমিটি গঠনের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ২০০৯ সাল থেকে গঠিত শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী কমিটির পরিসংখ্যানঃ

বছর	২০০৯	২০১০	২০১১	২০১২	২০১৩ (এপ্রিল পর্যন্ত)
গঠিত মাদক বিরোধী কমিটির সংখ্যা	৫৯৭৯	৫৫৪৯	৮২৮	১৯২৫	৩২১ টি

(সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নিরোধ শিক্ষা অধিশাখা)

## উল্লেখযোগ্য মাদক বিরোধী অভিযান

কুমিল্লা উপগুণ্ডাধলে ২৪/০৪/১৩ তারিখ ২৮  
কেজি গাঁজাসহ ০১ জন গ্রেফতার

গোপন সংবাদের ভিত্তিতে গত ২৪/০৪/২০১৩ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কুমিল্লা উত্তর সার্কেলের পরিদর্শকের নেতৃত্বে একটি টিম আনুমানিক ১৬.৩০ ঘটিকায় কুমিল্লা রেলস্টেশনের ২নং প্ল্যাটফর্মের ৩নং লাইনে দণ্ডায়মান চট্টগ্রামগামী পাহাড়ীকা এক্সপ্রেস ট্রেনে অভিযান চালিয়ে আসামীর দুই পায়ের নিচে রাখা দুটি বড় ট্রাভেল ব্যাগে রক্ষিত ১ম ব্যাগের ভিতর ০৪টি পলিথিনের পোটলায় গাঁজা আনুমানিক ১৪ কেজি এবং ২য় ব্যাগের ভিতরে পলিথিনের পোটলায় গাঁজা আনুমানিক ১৪ কেজি করে সর্বমোট ২৮ কেজি গাঁজাসহ আসামী মোঃ সামিউল প্রকাশ সাগর মিয়া (৪০), পিতাঃ মৃত লুৎফর রহমান, সাং-পল্লন (খেলার মাঠের সাথে), থানাঃ বিজয় নগর, জেলাঃ ব্রাহ্মণবাড়ীয়াকে হাতেনাতে গ্রেফতার করেন। এ বিষয়ে লাকসাম রেলওয়ে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়। কুমিল্লা সদর দক্ষিণ সার্কেলের পরিদর্শক জনাব মোঃ ইকবালুর রহমান মামলাটির তদন্তকারী কর্মকর্তা। তিনি মামলাটি তদন্ত শেষে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমানিত হওয়ায় গত ১৬/৬/২০১৩তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় চার্জশীট প্রদান করেন।

ঢাকা মেট্রোতে ১৮/০৪/১৩ তারিখ ৬০০ পিস  
ইয়াবাসহ ০১ জন গ্রেফতার

গোপন সংবাদের ভিত্তিতে গত ১৮/০৪/২০১৩ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপগুণ্ডাধলের উত্তরা সার্কেলের পরিদর্শকের নেতৃত্বে একটি বিশেষ টিম আনুমানিক ৭.৪৫ ঘটিকায় কোতয়ালী থানাধীন ৩৯, মিটফোর্ট রোডস্থ, কামাল ফার্মেসীর দক্ষিণ পার্শ্বে রাস্তার উপর অভিযান চালিয়ে আসামীর দেহ তল্লাশী করে তার পরিহিত ফুলপ্যান্টের সামনের ডান পকেট হতে একটি গোল্ডলীফ নামীয় সিগারেটের খালী প্যাকেটে, পলিথিন জিপারে ৬০০ এ্যাম্পুল এ্যামফিটামিন যুক্ত ইয়াবা ট্যাবলেটসহ (১) মোঃ শাহজাহান(৫০),পিতাঃমৃত দুলাল মিয়া, সাংগুহাসান নগর, থানাঃবোরানউদ্দিন, জেলাঃভোলাকে হাতেনাতে গ্রেফতার করেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, উক্ত ইয়াবা ট্যাবলেট প্রতিনিয়ত কুমিল্লা সীমান্ত এলাকা হতে ঢাকায় এনে বিভিন্ন মাদক বিক্রেতাদের নিকট পাইকারী ও খুচরা বিক্রিরকরে থাকে। এ বিষয়ে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়। ধানমন্ডি সার্কেলের পরিদর্শক জনাব নাজমুল হোসেন খান মামলাটির তদন্তকারী কর্মকর্তা। তিনি মামলাটি তদন্ত শেষে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমানিত হওয়ায় গত ১৪/৫/২০১৩ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় চার্জশীট প্রদান করেন।

চট্টগ্রাম মেট্রোতে ৩০/০৪/২০১৩ তারিখ ১১০০  
পিস ইয়াবা ও ৫,৮৯,০০০/- টাকাসহ ০১ জন  
গ্রেফতার

গোপন সংবাদের ভিত্তিতে গত ৩০/০৪/২০১৩ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রো উপগুণ্ডাধলের কোতয়ালী সার্কেল পরিদর্শক ও র‍্যাব-৭ এর এ,এস,পি জনাব মোঃ রুহুল আমিনের নেতৃত্বে একটি টিম চট্টগ্রামের কোতয়ালী থানাধীন পাথরঘাটা আশরাফ আলী রোড, মসজিদ লেন, এসকে টাওয়ার নামীয় ৭ম তলা বিশিষ্ট বিল্ডিংএর ৬ষ্ঠ তলায় আসামীর বসতঘরে অভিযান চালিয়ে ১১০০ (এক হাজার একশত) পিস ইয়াবা ও নগদ ৫,৮৯,০০০/- (পাঁচ লক্ষ উননব্বই হাজার) টাকাসহ (১) মোঃ শাহেদুল ইসলাম (৪৪), পিতাঃআনিছুর রহমান, মাতাঃনুরজাহান বেগম, সাংগুআনোয়ারা কোর্ড বিল্ডিং এর উত্তর পার্শ্বে মফিজুর রহমানের বাড়ী, থানাঃ আনোয়ারা, জেলাঃ চট্টগ্রামকে হাতেনাতে গ্রেফতার করা হয়। এ বিষয়ে মাদকদ্রব্য আইনে কোতয়ালী থানায় একটি মামলা দায়ের করা হয়। পাঁচলাইশ সার্কেলের পরিদর্শক জনাব জাকির হোসেন মামলাটির তদন্তকারী কর্মকর্তা। তিনি মামলাটি তদন্ত শেষে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমানিত হওয়ায় গত ০৩/৬/১৩ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় চার্জশীট প্রদান করেন।

বগুড়া উপগুণ্ডাধলে ১৩/০৪/১৩ তারিখ ৩৮ কেজি  
গাঁজাসহ পরিত্যক্ত অবস্থায় একটি টয়োটা গাড়ী উদ্ধার



গত ১৩/০৪/২০১৩ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বগুড়া উপগুণ্ডাধলের সদর সার্কেলের নেতৃত্বে একটি টিম বগুড়া সদর থানাধীন মানিকচক এলাকায় অভিযান পরিচালনা করে পরিত্যক্ত অবস্থায় একটি টয়োটা গাড়ি (যাহার নংও ঢাকা মেট্রো-ক-০২-১২৮৬) এবং ৩৮ কেজি গাঁজা উদ্ধার করেন। এ বিষয়ে বগুড়া সদর থানায় একটি সাধারণ ডাইরি করা হয়। বগুড়া সদর সার্কেলের উপগুণ্ডাধল পরিদর্শক জনাব মোঃ মোখলেছুর রহমান জিডি মামলাটির তদন্তকারী কর্মকর্তা।

মাসিক বুলেটিনে আপনার মতামত/মন্তব্য আহ্বান করা হচ্ছে

অধিদপ্তর থেকে প্রতিমাসে মাসিক বুলেটিন প্রকাশ করা হচ্ছে। যা অধিদপ্তরের ওয়েব সাইটসহ বিভিন্ন বিভিন্ন পদস্থ ব্যক্তি, সমাজের গণ্যমান্য ব্যক্তিসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেরণ করা হচ্ছে। বুলেটিন সম্পর্কে আপনার যে কোন মূল্যবান মতামত/মন্তব্য, তথ্য, বক্তব্য, প্রতিবেদন, ছবি ইত্যাদি প্রেরণ করলে তা প্রকাশের জন্য গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।



## আলামতভিত্তিক মামলার পরিসংখ্যান

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাংলাদেশ পুলিশ, র‍্যাভ, বিজিবি, কোস্টগার্ডসহ এপ্রিল '১৩ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

মাদকদ্রব্যের নাম	মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	মাদকদ্রব্যের পরিমাণ
হেরোইন	-	-	১৪.৯১৬ কোজ
গাজা	-	-	৩,৩৭৭.২০২ কোজ
গাজা গাছ	-	-	২৪৫ টি
অবৈধ চোলাই মদ	-	-	১,৩৫৭.০৭ লিটার
দেশী মদ	-	-	৭,৫৭৬.৬ লিটার
বিদেশী মদ	-	-	১৮,৪৮০ বোতল
আফম	-	-	০৩ কোজ
বিয়ার	-	-	৪,৬৮৭ ক্যান
রোস্টফাইড স্পিরিট	-	-	৭.৯ লিটার
ডিনোচার্ড স্পিরিট	-	-	১,৬৮৯ লিটার
কোডন মিশ্রিত (ফেনাসাডল)	-	-	৮৯,৫২৩ বোতল
কোডন মিশ্রিত (ফেনাসাডল)	-	-	৩২ লিটার
ভাড়া (টোডি)	-	-	৫৮৫ লিটার
পচুই	-	-	৯০ লিটার
পোখাউন/মরাফন	-	-	৭,৯৩৩ এ্যাঃ, মরঃ১৮এ্যাঃ
বুপ্রেনরফন(টিও জোসিক ইনঃ)	-	-	৬৬৬ এ্যাম্পুল
ফার্মেন্টেড ওয়াশ (জাওয়া)	-	-	১১,০৭৭ লিটার
এ্যালকোহল	-	-	২৩৯ লিটার
বুপ্রেনরফন(বনোজোসিক ইনঃ)	-	-	৩৪৫ এ্যাম্পুল
মূল	-	-	৬০০ পিস
ইয়াবা ট্যাবলেট	-	-	১৩,০৬০৩ টি
রিকোডেঞ্জ/কডোকপ সিরাপ	-	-	১৬৬ বোতল
নগদ অর্থ	-	-	৬,১৬,৮০০/- টাকা
সিএনজ	-	-	০২ টি
মোবাইল সেট	-	-	০২টি
গ্রাইভেট কার	-	-	০২টি
বাস	-	-	০১টি
মোটর সাইকেল	-	-	০১ টি
বুপ্রেনরফন(লুপজোসিক ইনঃ)	-	-	৬৬৫ এ্যাম্পুল
সানাত্রা ট্যাবলেট	-	-	৬৩,৯২০ টি
অপয়েট মিশ্রিত ড্রিংক	-	-	৩৯৮ বোতল
ড্রাগ ট্যাবলেট	-	-	০৪টি
দেশী মদ (বোতল)	-	-	৮৫০ বোতল
মোটঃ	৩,৪৯২	৩,৯২৬	

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশন অধিশাখা)

## প্রিকারসর কেমিক্যালস আমদানি সংক্রান্ত বিবরণী

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহার্য প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা এবং এপ্রিল '১২ মাসের সাথে এপ্রিল '১৩ মাসের আমদানীর তুলনামূলক পরিমাণ নিম্নরূপঃ

প্রিকারসর কেমিক্যালের নাম	বার্ষিক কোটা	এপ্রিল '১২	এপ্রিল '১৩
টলুইন	১২,৭৬৮.৫০ মেগ্‌টঃ	২৪৬.৪৮৩ মেগ্‌টঃ	৩০৬.৮৮৬ মেগ্‌টঃ
এ্যাসাটক এনহাইড্রাইড	২,৫৬৬ মেগ্‌টঃ	৬৭.২০০ মেগ্‌টঃ	৬৭.২০০ মেগ্‌টঃ
এ্যাসিটোন	৫,৮৮৬.৯৯ মেগ্‌টঃ	৫২.৮ মেগ্‌টঃ	১০৮.৯২ মেগ্‌টঃ
মথাইল ইথাইল কিটোন	৪,১৮৪.৫৬ মেগ্‌টঃ	১৬.৬৬৫ মেগ্‌টঃ	৭১.১৭১ মেগ্‌টঃ
পটাশিয়াম পারম্যাংগানেট	২,০৪৫ মেগ্‌টঃ	৪০.০০ মেগ্‌টঃ	৪০.০০ মেগ্‌টঃ
সডভোএফাড্রন	৪৪,৭৯৫ কোজ	২৭২০ কোজ	-

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রশাসন শাখা)

উল্লেখ্য, এ অধিদপ্তরের অনুমোদন ছাড়া যারা প্রিকারসর কেমিক্যালস এর ব্যবসা পরিচালনা করছে তাদের সম্পর্কে পরিচালক (অপারেশনস) এর নিকট সংবাদ প্রদানের জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। যোগাযোগের টেলিফোন নং- ৮৮৭০০১২-১৩।

## মোবাইল কোর্ট

মাসের নাম	আভ্যানের সংখ্যা	মামলার সংখ্যা	দণ্ডিত আসামীর সংখ্যা	জরিমানা আদায়
জানুয়ারী '১৩	৮২১	৪২৯	৪৫৭	৩,৮৬,৯০০.০০
ফেব্রুয়ারী '১৩	৭১৭	৩৬৯	৩৯০	৩,৭০,৮০০.০০
মার্চ '১৩	৬৫৭	৩৬৭	৩৭৭	২,৯৩,২০০.০০
এপ্রিল '১৩	৬৬৫	৩৭৪	৩৮১	২,৮৬,২০০.০০

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশন অধিশাখা)

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধ করার জন্য দেশে প্রচলিত আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি প্রয়োজন এ বিষয়ে ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম। এ লক্ষ্যকে সামনে রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মার্চ পর্যায়ের ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। এপ্রিল ২০১৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলোঃ

কর্মসূচীর নাম	এপ্রিল '১৩
মাদকবিরোধী আলোচনা সভা	৪৬৫
মাহিকং কর্মসূচী	১২
শ্রেণী কক্ষে বক্তৃতা	৩৭
পোস্টার/লফলেট বিতরণ	২৪
ফিল্ম প্রদর্শন	০১
ধর্মীয় প্রতিষ্ঠানে আলোচনা	-

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নিরোধ শিক্ষা অধিশাখা)

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

এপ্রিল ১৩ মাসে সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও কারাগার হাসপাতালসমূহে ৭৭২ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এপ্রিল ১৩ মাসে নিরাময় কেন্দ্র ও কারাগারভিত্তিক চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপঃ

কেন্দ্রের নাম	আন্তঃ বিভাগ	বহিঃ বিভাগ	মোট	নতুন	পুরাতন
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা	৪৭	১৩৬	১৮৩	১০৪	৭৯
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম	০৪	০৬	১০	১০	-
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা	-	-	-	-	-
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী	০২	১১	১৩	১২	০১
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী	৩৪	৩৩৬	৩৭০	৭৮	২৯২
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর	৬৫	১২	৭৭	৬৫	১২
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা	০৪	১১৫	১১৯	৮২	৩৭
মোট =	১৫৬	৬১৬	৭৭২	৩৫১	৪২১

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)

এপ্রিল ২০১৩ মাসে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের রিপোর্ট পর্যালোচনা করে জানা যায় যে, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হতে চিকিৎসাপ্রাপ্ত মাদকাসক্তদের মধ্যে ফেনসিডিল-২.৬৮%, হেরোইন-২৩.৩৯%, গাঁজা-৪২.৬২%, ইনজেকশন-২৫.৮৩%, ইয়াবা-৩.২৭%, মদ-১.০৯%, ড্যাভি-০.০, পলিড্রাগস-৬.০১% (কোন কোন রোগী একাধিক মাদকদ্রব্য ব্যবহার করে)। (সূত্রঃ কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র)।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত। টেলিযোগাযোগঃ

ফোনঃ ৮৮৭০০১১, ই-মেইল- [dgdncbd@gmail.com](mailto:dgdncbd@gmail.com), ওয়েবসাইট : [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)